গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৪.১৭/ ৯২ তারিখ: ২০ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৬৫/২০২৪**

**বিষয়ঃ আমদানিতব্য "ABS Bed Side Locker with Castors Big" নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ Promixco Ltd. এর ২৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Promixco Ltd. নামক প্রতিষ্ঠান "ABS Bed Side Locker with Castors Big" নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | Promixco Ltd. |
| আবেদনকারীর ঠিকানা | Kathuriachala, Vannara, Mouchak, Kaliyakoir, Gazipur |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | ABS Bed Side Locker with Castors Big |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Complete |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | China |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 9402.90.90 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Medical এ ব্যবহারের জন্য ABS Bed Side Locker with Castors Big নামক পণ্যটি Complete প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিতব্য পণ্যের দাবিকৃত এইচ এস কোড হচ্ছে 9402.90.90। আলোচ্য পণ্যের ক্যাটালগ পর্যালোচনা করে দেখা যায় পন্যটি প্লাস্টিকের Cabinet/Locker/Wardrobe যার Hosehold/Office/Medical সহ মাল্টিপারপাস ব্যবহার রয়েছে। Explanatory note অনুযায়ী পণ্যটি প্লাস্টিকের ফার্নিচার হওয়ায় বাংলাদেশ কাস্টমস ট্যারিফ ২০২৩-২৪ অনুযায়ী এইচ, এস, কোড ৯৪০৩ হেডিং এ অন্তর্ভুক্ত। BCT অনুযায়ী-

94.03- This heading covers furniture and parts thereof not covered by the previous headings. It includes furniture for general use (eg. cupboards show-cases, tables, telephone stands, writing-desks, escritoires, book-cases, and other shelved furniture, etc.), and also furniture for special uses

The Explanatory Notes এর Volume-5 এর পৃষ্ঠা XX-9403-1 অনুযায়ী-

The heading includes furnitures for

(1) Private dwellings, botels, etc, such as: cabinets, linen chests, bread chests, log chests; chests of drawers, tallboys, pedestals, plant stands, dressing-tables; pedestal tables wardrobes, linen presses, hall stands, umbrella stands, side-boards, dressers. cupboards, food-safes, bedside tables, beds (including wardrobe beds, camp-beds, folding beds, cots, etc.); needleu;ork tables, foot-stools, fire screens, draught-screens; pedestal ashtrays, music cabinets, music stands or desks, play-pens, serving trolleys (whether or not fitted with a hot plate).

(2) Offices, such as: clothes lockers, fi ling cabinets, filing trolleys, card index files, etc.

এমতাবস্থায়, যেহেতু Explanatory Note এর অনুচ্ছেদ ১ ও ২ নং এর বর্ণনায় Cabinet, Wardrobe, Locker উল্লেখ রয়েছে সেহেতু ABS Bedside Locker with castors Big পণ্যটির HS Code: 9403.70.00 শ্রেণীবিন্যাসযোগ্য। বর্ণিত অবস্থায়, সার্বিক বিবেচনায় আমদানিতব্য পণ্যটি এইচ এস কোড 9403.70.00 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানি তব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-২০.০২.২০২৪
(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৪.১৭/ ৭২ তারিখ: ২০ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৭। ব্যবস্থাপনা পরিচালক, Promixco Ltd., Kathuriachala, Vannara, Mouchak, Kaliyakoir, Gazipur.

তানভীর আহমেদ
২০/২/২৪
(তানভীর আহমেদ)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com